গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
ত্রাণ কর্মসূচি-১ শাখা
www.modmr.gov.bd

নং-৫১.০০.০০০০.৪২১.১৪.০১৩.১৫-১৫৪ তারিখঃ ২৩ এপ্রিল, ২০১৭ / ১০ বৈশাখ, ১৪২৪

বিষয়ঃ পাহাড়ী ঢল ও অতিবৃষ্টির কারণে বন্যায় ক্ষতিগ্রস্ত ০৬টি জেলায় ভিজিএফ কর্মসূচির আওতায় পরিবার প্রতি ৩০ কেজি হারে ভিজিএফ চাল বরাদ্দ।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, বন্যায় ক্ষতিগ্রস্ত ০৬টি জেলার ৩,৩০,০০০ (তিন লক্ষ ত্রিশ হাজার) পরিবারকে পরিবার প্রতি ৩০ কেজি হারে ০৩ মাস ০৮ দিনের (২৩ এপ্রিল হতে জুলাই ২০১৭) জন্য মোট (৩,৩০,০০০X৩০X৩ মাস ৮ দিন)=৩২,৩৪০ (বত্রিশ হাজার তিনশত চল্লিশ) মেঃ টন ভিজিএফ চাল সংশ্লিষ্ট জেলা প্রশাসকগণের অনুকূলে বরাদ্দ প্রদানের জন্য নিম্নবর্ণিতভাবে মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর বরাবর ছাড় করা হলোঃ

| ক্রমিক নং | বন্যায় ক্ষতিগ্রস্ত জেলার নাম | ক্ষতিগ্রস্ত পরিবারের সংখ্যা (টি) | ৩০ কেজি হারে ২৩ এপ্রিল হতে জুলাই/১৭ (৩ মাস ০৮ দিনের জন্য) বরাদ্দ কৃত চাল (মেঃ টন) |
|---|---|---|---|
| ০১ | সুনামগঞ্জ | ১,৫০,০০০ | ১৪,৭০০ |
| ০২ | সিলেট | ৫০,০০০ | ৪,৯০০ |
| ০৩ | নেত্রকোনা | ৫০,০০০ | ৪,৯০০ |
| ০৪ | কিশোরগঞ্জ | ৫০,০০০ | ৪,৯০০ |
| ০৫ | মৌলভীবাজার | ১,০০০ | ৯৮ |
| ০৬ | হবিগঞ্জ | ২৯,০০০ | ২৮৪২ |
| | সর্বমোট | ৩,৩০,০০০ | ৩২,৩৪০ |

২। জেলা প্রশাসক মঞ্জুরীকৃত ভিজিএফ চাল বিতরণে সার্বিক তদারকীসহ ক্ষতিগ্রস্ত পরিবারসমূহকে সঠিকভাবে ইউনিয়ন ও ওয়ার্ড ভিত্তিক বিতরণ কার্যক্রম সম্পাদন করবেন। মানবিক সহায়তা কর্মসূচি বাস্তবায়ন নির্দেশিকা ২০১২-১৩ অনুসরণপূর্বক যথানিয়মে বিতরনের জন্য আগামী ৩০/০৬/২০১৭ তারিখের মধ্যে উত্তোলন করতে পারবেন এবং বিতরণ শেষে নিরীক্ষার জন্য প্রয়োজনীয় হিসাব সংরক্ষণ করবেন।

৩। জেলা প্রশাসকগণ জুলাই মাসের বরাদ্দ ৩০ জুনের মধ্যে উত্তোলন করবেন এবং জুলাই মাসের প্রথম সপ্তাহে বিতরণ করতে হবে।

৪। মঞ্জুরীকৃত চালের ব্যয় চলতি ২০১৬-২০১৭ অর্থ বছরের "৪৯০৩-ত্রাণ ও পুনর্বাসন কার্যক্রম-০০০৭-ভি.জি.এফ কার্যক্রম-৫৯০০-সাহায্য মঞ্জুরী-৫৯৪৪-ভি.জি.এফ" খাত হতে নির্বাহ করা হবে।

৫। ভিজিএফ খাদ্যশস্যের পরিবহন ব্যয় নিম্নরূপভাবে হবেঃ

| এলাকার ধরণ | দূরত্ব ১-১০ কিঃ মিঃ পর্যন্ত দর (টাকা) | দূরত্ব ১১-২০ কিঃ মিঃ পর্যন্ত দর (টাকা) | ২১ কিঃ মিঃ এবং তদূর্ধ্ব দর (টাকা) |
|---|---|---|---|
| ১. সমতল এলাকার জন্য | ২৩০ | ২৮০ | ৩০০ |
| ২. হাওড় এলাকার জন্য | ২৭০ | ৩২০ | ৩৫০ |
| ৩. পার্বত্য জেলার জন্য | ৩০০ | ৩৫০ | ৩৮০ |

৬। মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর এ মঞ্জুরী অনুযায়ী জেলা প্রশাসক বরাবর পরিবহণ ও আনুষাঙ্গিক খরচসহ প্রয়োজনীয় বরাদ্দ আদেশ অগ্রাধিকার ভিত্তিতে জারী করবেন এবং এতদবিষয়ে যাবতীয় হিসাব সংরক্ষণ করবেন।

৭। এতে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে।


(মোহাম্মদ হোসেন)
উপ-সচিব (ত্রাক)
ফোনঃ ৯৫৭০০৪০
ds1relief@gmail.com


মহাপরিচালক
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
৯২-৯৩, মহাখালী বা/এ, ঢাকা-১২১২।

নং-৫১.০০.০০০০.৪২১.১৪.০১৩.১৫-১৫৪/১(৭)  তারিখঃ ২৩/০৪/২০১৭ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

১। মহাপরিচালক,খাদ্য অধিদপ্তর, ১৬ আব্দুল গনি রোড, ঢাকা।
২। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। ভারপ্রাপ্ত কর্মকর্তা (এনডিআরসিসি), দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫। অতিরিক্ত সচিব (ত্রাণ) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬। অফিস কপি।
৭। মাষ্টার কপি।


(মোহাম্মদ হোসেন)
উপ-সচিব (ত্রাক)